দৈনিক সংবাদ

তারিখ 27 DEC 1988
পৃষ্ঠা 6 কলাম 7

14

26/

### বরিশাল অঞ্চলে প্রাথমিক শিক্ষক নিয়োগ

# সাড়ে ৪ শ' শূন্য পদে দরখাস্ত পড়েছে প্রায় ১৫ হাজার

।। দীপক মুখার্জী।।

পটুয়াখালী, ২৪শে ডিসেম্বর।– শুধুমাত্র বরিশাল অঞ্চলের ৬টি জেলায় ৪শ ৪২টি প্রাথমিক শিক্ষকের শূন্য পদে আবেদনপত্র জমা পড়েছে ১৪ হাজার ৮শ ৭টি।

দীর্ঘদিন নিয়োগ বন্ধের পর সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে সারাদেশে মোট ৬ হাজার প্রাথমিক শিক্ষক নিয়োগের জন্য এ দরখাস্ত আহ্বান করা হয়। গত ১৭ই ডিসেম্বর ছিল আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ।

সংশ্লিষ্ট বিভাগ সূত্রে জানা গেছে, বরিশাল জেলায় ১শ' ২৫টি শূন্য পদে আবেদনপত্র জমা পড়েছে ৫ হাজার ৫শ ঝালকাঠিতে ৪৫টি শূন্য পদে আবেদন পড়েছে ১ হাজার ৬শ' ১০টি, পিরোজপুর জেলায় ৭৩টি শূন্য পদে আবেদনপত্র পড়েছে ২ হাজার ৬শ' ৬১টি, ভোলায় ৯০টি শূন্য পদে জমা পড়েছে ১ হাজার ৩শ' ৮৫টি, পটুয়াখালীতে ৭১টি শূন্য পদে জমা পড়েছে ২ হাজার ২শ' ৯৫টি, বরগুনায় ৩৮টি প্রাথমিক শিক্ষকের শূন্য পদে আবেদনপত্র জমা পড়েছে ১ হাজার ৩শ' ৫৬টি। সূত্রটি জানান, ঐ সব শূন্যপদে প্রাথমিক শিক্ষক নিয়োগের নির্বাচনী পরীক্ষা আগামী জানুয়ারী মাসের ১১ তারিখ সমস্ত জেলা সদরে অনুষ্ঠিত হবে।